**পল্লী সঞ্চয় ব্যাংক**

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

**প্রধান কার্যালয়**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

**"শেখ হাসিনাই বুপকার পল্লী সঞ্চয় ব্যাংক উপহার"**

পসব্য/প্রকা/প্রশা-১৯/২০২৩-২৪/ ৫৭৮ তারিখ: ৩১/০৭/২০২৩

সকল কর্মকর্তা / কর্মচারী
পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে "জাতীয় শোক দিবস ২০২৩'' পালন উপলক্ষ্যে প্রধান কার্যালয় / জেলা / নিরীক্ষা / শাখা কার্যালয়ের জন্য নির্দেশনা।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আগস্ট মাস বাঙালি জাতির জন্য সবচেয়ে বেদনার মাস। ১৯৭৫ সালের ১৫ই আগস্ট বাঙালি জাতির পিতা, বাংলাদেশের স্রষ্টা, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বাংলাদেশবিরোধী জাতীয় ও আন্তর্জাতিক এক ঘৃণ্য ষড়যন্ত্রের মাধ্যমে কিছু দুষ্কৃতকারী সপরিবারে নৃশংসভাবে হত্যা করেছিল। প্রতি বছর জাতি এই বেদনার দিনটিকে জাতীয় শোক দিবস হিসেবে পালন করে। তাই আগস্ট মাসের এই দিনটি আমাদের বেদনা আর আবেগের সর্বোচ্চ জায়গা। এই দিনটি আমাদের জন্য একদিকে যেমন বেদনা আর শোকের দিন, অন্যদিকে এটি আমাদের আদর্শকে বলীয়ান আর চেতনাকে শানিত করারও একটি দিন। আগামী ১৫ ই আগস্ট / ২০২৩ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী। সেই প্রেক্ষাপটে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক পুরো আগস্ট মাসব্যাপী বিভিন্ন কার্যক্রম নির্ধারণ করা হয়েছে যা মাঠ পর্যায়ে পরিপালনের নিমিত্ত জারি করা হলো:

| তারিখ | কার্যালয় | নির্দেশনা |
|---|---|---|
| আগস্ট / ২০২৩ | প্রধান কার্যালয় | • ১৫ ই আগস্ট ভোরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে (ধানমন্ডি-৩২) জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা ও পুস্পস্তবক অর্পণ।<br>• আগস্ট মাসে টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর সমাধিতে ব্যাংকের পক্ষ থেকে পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন ও মোনাজাত।<br>• আগস্ট মাসব্যাপী ব্যাংকের ওয়েবসাইটে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত ওয়েব ব্যানার প্রদর্শন।<br>• সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন। |
| | সকল কার্যালয় (প্রধান কার্যালয় / জেলা / নিরীক্ষা / শাখা) | • ১৫ ই আগস্ট, ২০২৩ তারিখ মঙ্গলবার ব্যাংকের প্রধান কার্যালয়, জেলা ও নিরীক্ষা কার্যালয় এবং শাখা কার্যালয়সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।<br>• ১ আগস্ট থেকে মাসব্যাপী ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের কালো ব্যাজ ধারণ।<br>• ব্যাংকের সকল শাখা, জেলা ও নিরীক্ষা কার্যালয় এবং প্রধান কার্যালয় ভবনে জাতির পিতার প্রতি শ্রদ্ধা নিবেদন করে ড্রপ ডাউন ব্যানার প্রদর্শন। (ব্যানারের নমুনা সংযুক্ত)<br>• ব্যাংকের প্রধান কার্যালয়সহ সকল জেলা, শাখা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ভার্চুয়াল আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন।<br>• ব্যাংকের জেলা ও শাখা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের স্থানীয় পর্যায়ে জেলা ও উপজেলা প্রশাসনের কর্মসূচির সঙ্গে সমন্বয় করে শোক দিবসের কর্মসূচি সকলের অংশগ্রহণে পালন।<br>• জেলা কার্যালয়, নিরীক্ষা কার্যালয় এবং শাখাসমূহের প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে স্ব-উদ্যোগে তাদের নিজস্ব আঙ্গিনায় ন্যূনতম ৫টি ফলজ ও ভেষজ গাছ লাগিয়ে ছবি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং সেগুলো রক্ষণাবেক্ষণ করতে হবে। পাশাপাশি সমিতির প্রত্যেক সদস্যকে দিয়ে ন্যূনতম ২টি ফলজ ও ভেষজ গাছ লাগিয়ে ছবি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে যা পরবর্তীতে ফলোয়াপ করা হবে প্রধান কার্যালয় থেকে। |

০৩। উপরিউক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত

**(শেখ মো: জামিনুর রহমান)**
ব্যবস্থাপনা পরিচালক
ফোন- ০২-৫৫১৩৮৫৫৯

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। পিএস টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।

২। নথি।

পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-১৯/২০২৩-২৪/ ৮১১

তরিখ: ৩১/০৭/২০২৩

বিষয়: **স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে "জাতীয় শোক দিবস ২০২৩" পালন উপলক্ষ্যে জেলা / নিরীক্ষা / শাখা কার্যালয়ের ক্ষেত্রে ড্রপডাউন ব্যানার তৈরির জন্য নির্দেশনা প্রেরণ প্রসঙ্গে।**

ব্যানার বিষয়ে নির্দেশনা:

- ড্রপডাউন ব্যানারের নমুনা পত্রের সাথে সংযুক্ত করা হয়েছে।
- ড্রপডাউন ব্যানারের সাইজ হবে ৮' x ১৫'
- ড্রপডাউন ব্যানারটি পুরো আগস্ট মাস জুড়ে শাখার প্রবেশমুখে প্রদর্শন করতে হবে।
- ড্রপডাউন ব্যানার টাঙ্গানো অবস্থায় ছবি প্রধান কার্যালয়ের সিনিয়র অফিসার জনাব **মো: তানভীর হাসান মজুমদারের** ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে (tanvir.hasan@pallisanchaybank.gov.bd)

ব্যানারের খরচ :

- সংশ্লিষ্ট খরচ বাবদ বিবিধ খাত হতে ভ্যাট, ট্যাক্সসহ শাখা প্রতি সর্বোচ্চ ১৫০০/- (এক হাজার পাঁচশত টাকা) বাজেট বরাদ্দ দেয়া হলো। জেলা ও নিরীক্ষা কার্যালয় যৌথভাবে একটি ব্যানার তৈরিপূর্বক ব্যানার খরচ সংশ্লিষ্ট জেলার সদর শাখা থেকে উত্তোলন করবে। শাখা ব্যবস্থাপকগণ উক্ত খরচ লিপিবদ্ধের জন্য প্রয়োজনীয় নগদ অর্থ উত্তোলন করে নিম্নোক্ত উপায়ে বিও ভাউচার করে সিবিএস এ পোস্টিং প্রদান করবেন এবং ভাউচারের সাথে সকল প্রকার প্রমাণক সংরক্ষণ করবেন।

| বিবরণ | জিএল কোড | ডেবিট/ক্রেডিট (GL to GL) |
|---|---|---|
| ভ্যাট/ট্যাক্সসহ মোট বিল (বিবিধ খাত) (সর্বোচ্চ ১৫০০/-) | ৯০৩০৪০২৯ | ডেবিট |
| ভ্যাট (১৫%) | ১১০১৪০০৩ | ক্রেডিট |
| ট্যাক্স (৪.৫%) | ১১০১৪০০২ | ক্রেডিট |
| নগদ অর্থ (ক্যাশ) | ৩০১০১০০১ | ক্রেডিট |

- হিসাব সংক্রান্ত কোন অস্পষ্টতা দেখা দিলে কল সেন্টার (১৬৬৫৪) বরাবর যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে,

(আল্লামা মোহাম্মদ ইয়াহ্ইয়া তানহার)
সিস্টেম এনালিস্ট

পল্লী সঞ্চয় ব্যাংক
সমৃদ্ধি অর্জনের ব্যাংক

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার



শহীদ হয়েও অমর তুমি আজো বাঙালির প্রাণ
বাঙালি তোমায় লালন করে হৃদয়ে অম্লান

# ১৫ই আগস্ট

# জাতীয় শোক দিবস

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ও ১৫ আগস্টে নিহত সকল শহীদদের প্রতি

# গভীর শ্রদ্ধাঞ্জলি

আয়োজনে :

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮ তম শাহাদাৎ বার্ষিকীতে "জাতীয় শোক দিবস-২০২৩" পালন উপলক্ষ্যে প্রধান কার্যালয়/জেলা/ নিরীক্ষা /শাখা কার্যালয়ের জন্য নির্দেশনা সংক্রান্ত

ব্যানারের এডোব ইলাস্ট্রেটর (.eps) ফাইল পেতে-

**এখানে ক্লিক করুন**